



ইয়াবাসহ আটক ইবাইস ইউনিভার্সিটির ছাত্রসহ দুইজন

ইয়াবাসহ ইবাইস ইউনিভার্সিটির ছাত্র শ্রেফতার

দুই হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ ইবাইস ইউনিভার্সিটির এক ছাত্রসহ দুইজনকে শ্রেফতার করা হয়েছে। বুধবার রাজধানীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের শ্রেফতার করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অফিসের রহমান, গুলশান, সুজাপুর, উকিরা, সবুজপাণ সার্কেলের বৌধ দল গোপন সংবাদের ভিত্তিতে রমনা ও গুলশান এলাকার অভিযান চালিয়ে দুই হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ ইবাইস ইউনিভার্সিটির এমবিএর ছাত্র চয়ন কুমার লস্কর (২৭) এবং মিজানুর রহমানকে (২৬) শ্রেফতার করে। তারা মীর্খাদিন ধরে ইউনিভার্সিটির ছাত্রদের কাছে ইয়াবা ট্যাবলেট বিক্রয় করে আসছে। এ ব্যাপারে গুলশান সার্কেল পরিদপ্তর একেএম কায়েসুল ইসলাম বানী হতে বনানী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা করেন। সংবাদ বিজ্ঞপ্তি।

সমকাল

৩৩৩৩৩৩

১ মার্চ ২০১৩ ১৭ ফাল্গুন ১৪১৯

দুই হাজার পিস ইয়াবাসহ বিশ্ববিদ্যালয় ছাত্র শ্রেফতার

■ সমকাল প্রতিবেদক
মাদক ব্যবসায় জড়িত থাকার অভিযোগে রাজধানীর মহাখালী থেকে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রসহ দুইজনকে শ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। বুধবার রাতের এ অভিযানে শ্রেফতারকৃতরা হলো- ইবাইস ইউনিভার্সিটির ছাত্র চয়ন কুমার লস্কর ও মিজানুর রহমান। এ সময় তাদের কাছ থেকে দুই হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, গোপন খবরের ভিত্তিতে মহাখালীর জাকরিয়া হোটেলের সামনের সড়কে গই দুই ছাত্রকে আটকে তল্লাশি করা হয়। এ সময় তাদের একজনের প্যাকেটের পকেটে নয়টি পলিথিনের প্যাকেটে রামা এক হাজার ৮০০ পিস এবং অপরজনের কাছ থেকে ২০০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা মীর্খাদিন ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের কাছে ইয়াবা বিক্রির কথা স্বীকার করেছে। এ ঘটনায় বনানী থানায় মাদকদ্রব্য আইনে দুটি মামলা হয়েছে।